খুলনা জেলা উন্নয়ন সমন্বয় কমিটির জানুয়ারি/ ২০১৬ মাসে অনুষ্ঠিত সভার কার্য বিবরণী

সভাপতি	:	জনাব মোঃ মোস্তফা কামাল, জেলা প্রশাসক, খুলনা
স্থান	:	জেলা প্রশাসক, খুলনা এঁর সম্মেলন কক্ষ
তারিখ	:	১১ জানুয়ারি, ২০১৬ খ্রিঃ
সময়	:	সকাল ১০.০০ ঘটিকা
উপস্থিত সদস্যবৃন্দ	:	পরিশিষ্ট- ক
অনুপস্থিত সদস্যবৃন্দ	:	পরিশিষ্ট- খ

বিগত বছরের সকল জরা, গ্লানী পেছনে ফেলে নতুন বছরের শুভকামনায় সভাপতি উপস্থিত সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কার্য ক্রম শুরু করেন। অতঃপর বিগত ১৪-১২-২০১৫ তারিখে অনুষ্ঠিত সভার কার্য বিবরণীর কৃষি বিপণন অধিদপ্তরের আলোচনায় পেঁয়াজের মূল্য বৃদ্ধির স্থলে আলু মূল্য বৃদ্ধি লিখে সংশোধনী নিয়ে কার্য বিবরণীটি সর্ব সম্মতিক্রমে অনুমোদন করা হয়।

সভায় নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয় ।

ক্রঃ নং	বিভাগ/বিষয়	আলোচনা	গৃহীত সিদ্ধান্ত	বাস্তবায়ন
০১।	খুলনা সিটি কর্পোরেশন	ক) খুলনা সিটি কর্পোরেশন এলাকায় অবস্থিত ঝুঁকিপূর্ণ স্থাপনা/বাড়িঘর অপসারণের কার্য ক্রম চলমান আছে। খ) খুলনা সিটি কর্পোরেশনের গৃহীত ২টি প্রকল্প চলমান আছে। খুলনা সিটি কর্পোরেশনের বিভিন্ন রাস্তা ও অবকাঠামো উন্নয়ন এবং ওয়েষ্ট ম্যানেজমেন্টের জন্য যানবাহন ও যন্ত্রপাতি ক্রয় ও এ্যাসফল্ট প্লান্ট স্থাপন প্রকল্প সমূহ স্বাভাবিক নিয়মে চলছে কোন সমস্যা নেই। ডিসেম্বর/১৫ পর্যন্তগড় ভৌত অগ্রগতি ৪৫%।	ক) ঝুঁকিপূর্ণ স্থাপনা/বাড়িঘর অপসারণ কার্যক্রম দ্রুত সম্পন্ন করতে হবে। খ) খুলনা সিটি কর্পোরেশন কর্তৃক গৃহীত প্রকল্প কাজের মনিটরিং জোরদার করতে হবে।	প্রধান নির্বাহী কর্মকর্তা, খুলনা সিটি কর্পোরেশন, খুলনা
০২।	খুলনা উন্নয়ন কর্তৃপক্ষ	ক) খুলনা উন্নয়ন কর্তৃপক্ষের উপস্থিত প্রতিনিধি জানান যে, কেডিএ কর্তৃক গৃহীত প্রকল্পসমূহ স্বাভাবিকভাবে চলছে। কোন সমস্যা নেই ।	কেডিএ কর্তৃক গৃহীত প্রকল্প কাজের মনিটরিং জোরদার করতে হবে।	সচিব, খুলনা উন্নয়ন কর্তৃপক্ষ
০৩।	জেলা পরিষদ	ক) খুলনা জেলা পরিষদের সচিব সভায় জানান যে, খুলনা জেলার গল্লামারী স্মৃতিসৌধের সৌন্দর্য বর্ধনের লক্ষ্যে গৃহীত প্রকল্প কাজ সম্পন্ন করার লক্ষ্যে চাহিত অর্থ বরাদ্দ করার জন্য সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের দৃষ্টি আকর্ষণ করার বিষয়ে আলোকপাত করা হয়েছে। খ) ২০১৪-২০১৫ অর্থ বছরে এডিপির ৩,৩৯,০০,০০০.০০ টাকায় ২৫৪ টি প্রকল্প এবং নিজস্ব অর্থায়নে ৬,৯২,৬২,২৫০.০০ টাকায় ৩৮১ টি প্রকল্প গ্রহণ করা হয়েছিল। প্রকল্প সমূহের কার্য ক্রম ইতোমধ্যে ১০০% সম্পন্ন হয়েছে। ২০১৫-২০১৬ অর্থ বছরে ৩৭৫.০০ লক্ষ টাকা বরাদ্দ পাওয়া গেছে । প্রকল্প গ্রহণের কার্য ক্রম প্রক্রিয়াধীন আছে। গ) পাইকগাছা উপজেলাধীন রাড়ুলী গ্রামে বিজ্ঞানী স্যার পিসি রায়-এর বাড়ীর উন্মুক্ত স্থানে একটি সেড নির্মাণ প্রকল্প গ্রহণের অগ্রগতি নিয়ে সভায় আলোচনা হয়।	ক) খুলনা জেলা পরিষদ কর্তৃক চলমান প্রকল্পসমূহের মনিটরিং জোরদার করতে হবে। খ) গল্লামারী ''স্মৃতিসৌধ'' স্থাপনাটির সৌন্দর্য বর্ধনের লক্ষ্যে গৃহীত প্রকল্প অনুমোদনের জন্য সংশ্লিষ্ট মন্ত্রণালয়ে পত্র যোগাযোগ করতে হবে। গ) পাইকগাছা উপজেলাধীন রাড়ুলী গ্রামে বিজ্ঞানী স্যার পিসি রায়-এর বাড়ীর উন্মুক্ত স্থানে সেড নির্মাণ প্রকল্প গ্রহণ করতে হবে।	প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, খুলনা
০৪।	খুলনা ওয়াসা	ক) খুলনা ওয়াসার প্রতিনিধি জানান যে, এডিবি'র অর্থায়নে ৩টি ICB প্যাকেজ ও ৩ টি NCB প্যাকেজ চলমান আছে । চলমান	ক)খুলনা ওয়াসা কর্তৃক গৃহীত প্রকল্প মনিটরিং জোরদার করতে হবে।	ব্যবস্থাপনা পরিচালক খুলনা ওয়াসা,

		প্রকল্পসমূহে কোন সমস্যা নেই। খ) খুলনা ওয়াসা কর্তৃক গৃহীত প্রকল্প সংক্রান্ত বিদ্যমান মামলা সমূহ দ্রুত নিস্পত্তি করার বিষয়ে পদক্ষেপ গ্রহণে করণীয় সংক্রান্ত আলোচনা হয়। গ) খুলনা ওয়াসা কর্তৃক দেয় জেলা খাদ্য নিয়ন্ত্রক অফিস সংলগ্ন মসজিদ কমিটির নামে ১৩,০০০/ (তের হাজার টাকা) পানির বিল নিয়ে সভায় আলোচনা করা হয়। সংশ্লিষ্ট অফিস জানায় তাদের এইখানে কোন টিউবওয়েল না থাকায় বিলের সঠিক তথ্য পাওয়া যাচ্ছে না। ওয়াসা কর্তৃকপক্ষ জানায় বহু পূর্বে মসজিদ কমিটির নামে একটি টিউবওয়েল ছিল যা খুলনা সিটি কর্পোরেশন প্রদত্ত তালিকায় পাওয়া গেছে। সেকারণে লাইন না থাকলেও সংযোগ চার্জ হিসেবে বিলটি দেয়া হয়েছে।	খ) সহকারী এ্যাটোর্নী জেনারেল-এর সাথে আলোচনা করে বিদ্যমান মামলা সমূহ দ্রুত নিস্পত্তি করতে হবে। গ) জেলা খাদ্য নিয়ন্ত্রক অফিস সংলগ্ন মসজিদ কমিটির সাথে আলোচনা করে দাখিলকৃত বিলের বিষয়ে পদক্ষেপ গ্রহণ করতে হবে।	খুলনা।
০৫।	জেলা পুলিশ, খুলনা	সভা অবহিত হয় যে, বর্তমান অবস্থায় খুলনা জেলায় কর্মরত বিদেশীসহ বিদেশী পর্যটকদের নিরাপত্তা নিশ্চিত করার বিষয়টি সর্বাধিক গুরুত্বসহকারে বিবেচনা করা দরকার। যে সমস্ত প্রতিষ্ঠানে বিদেশী শ্রমিক কর্মরত আছে তাদের তালিকা পুলিশ সুপার, খুলনা অথবা পুলিশ কমিশনার, খুলনা বরাবর জমা দেয়া প্রয়োজন। কোন অপতৎপরতার তথ্য থাকলে তাৎক্ষণিকভাবে পুলিশ প্রশাসনকে অবহিত করতে অনুরোধ জানানো হয়।	আইন-শৃংখলা পরিস্থিতি নিয়ন্ত্রণে রাখার লক্ষ্যে সরকারী-বেসরকারী কর্মকর্তা এবং জনপ্রতিনিধিকে সক্রিয় ভূমিকা রাখতে হবে।	সংশ্লিষ্ট সকল প্রতিষ্ঠান প্রধান
০৬।	জেলা আনসার ও ভিডিপি, খুলনা	সার্কেল অ্যাডজুটান্ট, খুলনা জানান যে, গত মাসে ৭১২ জন সদস্যকে বিভিন্ন কোর্সে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। তাছাড়া ক্ষুদ্র ঋণ, একটি বাড়ী একটি খামার প্রকল্পে, এসএমই ঋণ, কঞ্জুমার ঋণ বিতরণ প্রকল্পের মাধ্যমে ১৮৬০ জন সদস্যের মধ্যে ঋণ বিরতণ করা হয়েছে। বিতরণকৃত টাকার পরিমাণ-১০৭৪৩৫০০০.০০ টাকা। গৃহীত প্রকল্পসমূহ স্বাভাবিক নিয়মে চলমান আছে । কোন সমস্যা নেই।	প্রকল্প সমূহের কার্যক্রম মনিটরিং জোরদার করতে হবে।	সার্কেল অ্যাডজুটান্ট, খুলনা
০৭।	স্বাস্থ্য বিভাগ	ক) সিভিল সার্জন, খুলনা সভায় জানান যে, দিঘলিয়া উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের গাড়ী সচল রাখতে প্রেষণে নিয়োজিত ড্রাইভারকে শহীদ আবু নাসের হাসপাতাল থেকে উপজেলায় বদলী করা হয়েছে এবং তিনি যোগদান করেছেন। উপজেলা পরিষদ চেয়ারম্যান বিষয়টি নিস্পত্তি করায় সভাপতি মহোদয়কে ধন্যবাদ জানান। খ) বিভিন্ন উপজেলা হাসপাতালে নিয়োজিত ডাক্তারগণ নিয়মিত দায়িত্ব পালন করছেন। শূন্য পদ পূরণের জন্য পত্র লেখা হয়েছে এছাড়া খুলনা জেলার বিভিন্ন উপজেলা হাসপাতাল থেকে একাধিক ডাক্তারকে অন্যত্র বদলী করা হয়েছে।	ক) দিঘলিয়া উপজেলা হাসপাতালের এ্যাম্বুলেন্স সচল রাখতে নিয়মিত মনিটরিং করতে হবে। খ) সকল উপজেলা হাসপাতালে ডাক্তার পদায়নসহ দায়িত্ব পালনের নিশ্চয়তা বিধান করতে হবে।	ক) উপজেলা পরিষদ চেয়ারম্যান (সকল), খুলনা খ) সিভিল সার্জন, খুলনা গ) উপজেলা নির্বাহী অফিসার (সকল), খুলনা।
০৮।	**গণপূর্ত বিভাগ-১**	ক) সভা অবহিত হয় যে, খুলনা জেলা প্রশাসনের গাড়ীর গ্যারেজ অর্থাৎ পরিবহন পুলের দেয়াল ভেঙ্গে পড়েছে। দেয়াল ভেঙ্গে পড়ায় পরিবহণ পুল নিরাপত্তা ঝুঁকির মধ্যে রয়েছে তাই এটি	ক) গণপূর্ত বিভাগ-১ এর অধীনে চলমান সকল নির্মাণ কাজ ত্বরান্বিত করতে হবে।	নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ-১

		সংস্কারের উদ্যোগ নিতে হবে। খ) মাননীয় প্রধানমন্ত্রীর অগ্রাধিকার প্রকেল্প হিসেবে সরকারী শিশু হাসপাতাল নির্মাণ প্রকল্পের জায়গা নির্বাচনের বিষয়ে আলোচনা করা হয়ে। সভাপতি জানান যে, প্রকল্প পরিচালক/ সংশ্লিষ্ট মন্ত্রণালয় থেকে প্রস্তাবনা পাওয়া গেলে এবিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করা যাবে। গ) শিশু পরিবার মহেশ্বরপাশা ছাত্র ভবন (হোস্টেল) নির্মাণ কাজের উপরে ওজোপাডিকো'র লাইন থাকায় নিয়মিত কাজে বিঘ্ন হচ্ছে বিধায় বিদ্যুতের তার দ্রুত অপসারণ করা প্রয়োজন।	খ) সংশ্লিষ্ট কর্তৃপক্ষ সরেজমিনে স্থান পরিদর্শন করে প্রস্তাব প্রেরণ করতে হবে। গ) মহেশ্বরপাশা ছাত্র ভবনের উপরে ওজোপাডিকো'র লাইন দ্রুত অপসারণ করতে হবে।	
০৯।	**গণপূর্ত বিভাগ-২**	ক) নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ-২ সভাকে জানান যে, জেলা কারাগার নির্মাণ প্রকল্প কাজের ৩০ একর জমি অধিগ্রহণ সম্পন্ন হয়েছে । সীমানা প্রাচীর নির্মাণ কাজ সম্পন্ন হয়েছে তাছাড়া বালু ভরাটের জন্য নদী থেকে পাইপ স্থাপন করা হয়েছে। বালু ভরাটের কাজ চলমান আছে । ভৌত অবকাঠামোর ৮৫% কাজ সম্পন্ন হয়েছে । খুলনা জেলার পুরাতন জেলখানার অবস্থা/পরিবেশ খুবই নাজুক। তার মধ্যে ৩০ সেলের পরিবেশ একেবারে বিপদজনক। আশু সংস্কার করা না হলে যে কোন মুহুর্তে দুর্ঘটনা ঘটার আশংকা রয়েছে। খ) উপজেলা পরিষদ পাইকগাছা সভায় জানান যে, পাইকগাছায় নির্মিত সাব-জেলের জায়গা অন্য কোন কর্তৃপক্ষকে হস্তান্তর না করে সাব জেল হিসেবে ব্যবহার করা হোক। এ জন্য কারা অধিদপ্তর থেকে চাহিদা পত্র প্রেরণের বিষয়ে সভায় আলোচনা হয়। উপ পরিচালক জানান যে, সমাজসেবা অধিদপ্তরের নিকট হস্তান্তর করার বিষয়টি সভায় আলোচনা করা হয়েছে। গ) সিটি কর্পোরেশন এলাকায় এ বিভাগের ১৬টি বাড়ি ঝুঁকিপূর্ণ অবস্থায় আছে যা অপসারণ করা প্রয়োজন।	ক) জেলা কারাগার নির্মাণ প্রকল্পের কাজ দ্রুত সম্পন্ন করতে হবে। খ) পাইকগাছায় স্থাপিত সাব-জেল পুনরায় চালু করতে হবে। গ) পুরাতন জেলখানার ৩০ সেল সংস্কার করতে হবে। ঘ) দৃষ্টি প্রতিবন্ধী শিশুদের হোস্টেল নির্মান কাজ মনিটরিং জোরদার করতে হবে।	ক) নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ-২
১০।	সড়ক ও জনপথ অধিদপ্তর	ক) নির্বাহী প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর জানান, খুলনা-সাতক্ষীরা এবং বেতগ্রাম-তালা-পাইকগাছা সড়কের কার্যাদেশ প্রদানের কার্যক্রম চলমান আছে । তাছাড়া তেরখাদা-মোল্লাহাট সড়ক সংস্কারের কাজ চলছে কোন সমস্যা নেই। খ) বিটিসিএল কর্তৃপক্ষের ব্যবহৃত সড়ক নিয়ে চুক্তিপত্র অনুযায়ী রাস্তার সোল্ডার ব্যবহার নিশ্চিত করতে সড়ক বিভাগ ও টিএন্ডটি অফিসের প্রতিনিধি'র উপস্থিতি নিশ্চিত করার বিষয়ে সভায় আলোচনা করা হয়। ঘ) সভা অবহিত হয় যে, হাইওয়ে সড়কের বিভিন্ন স্থানে অপরিকল্পিতভাবে স্পীড ব্রেকার দেওয়া আছে । যার অধিকাংশ ভেঙ্গে পড়েছে, রং নষ্ট হয়ে গেছে । বিষয়টি প্রতিকারের উপায় হিসেবে নির্মিত স্পীড ব্রেকার সংস্কার করাসহ	ক) বিটিসিএল কর্তৃপক্ষের ব্যবহৃত সড়কের ক্ষতিপূরণ নির্ধারণ করে সংশ্লিষ্ট মন্ত্রণালয়ে পত্র প্রদান করতে হবে। খ) হাইওয়ে সড়কের বিভিন্ন স্থানে নির্মিত স্পীড ব্রেকার সংস্কার করাসহ রং দিয়ে চিহ্নিত করতে হবে।	নির্বাহী প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর, খুলনা।

		রং দেয়ার বিষয় আলোচনা করা হয়।		
১১।	স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর	ক) নির্বাহী প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর সভাকে এবং পানি উন্নয়ন বোর্ডের ১২.৮০ কিঃমিঃ রাস্তা ভেড়ীবাঁধের উপর হাইওয়ে রাস্তা নির্মানের উপযুক্ত না থাকায় প্রকল্প কাজ বিঘ্নিত হচ্ছে। সভাপতি জানান যে, পানি উন্নয়ন বোর্ডের রাস্তা এলজিইডি কর্তৃক সম্পন্ন করতে হবে। প্রয়োজনে চেয়ারম্যান এবং নির্বাহী প্রকৌশলী মিলে এ্যালাইনমেন্ট পরিবর্তন করে প্রকল্প সম্পন্ন করতে হবে। খ) মাননীয় প্রধানমন্ত্রী মহোদয়ের প্রতিশ্রুত প্রকল্প খুলনা জেলার ''আঠারমাইল হতে কয়রা উপজেলার দক্ষিণ বেদকাশি পর্যন্ত রাস্তাটি এশিয়ান হাইওয়ের সাথে যুক্তকরণ' প্রকল্পটি বাস্তবায়নের জন্য দ্রুত পদক্ষেপ গ্রহণ করতে হবে। গ) উপজেলা পরিষদ চেয়ারম্যান, তেরখাদা, খুলনা জানান যে, তেরখাদা-বলদধনা ভায়া আটলিয়া বাজার সংলগ্ন কালভার্ট সংস্কার না হলে যে কোন সময় যান চলাচল বন্ধ হয়ে যেতে পারে। উপজেলা প্রকৌশলী নিজেই বিষয়টি সরেজমিনে পরিদর্শন করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের আশ্বাস প্রদান করেছেন। ঘ) উপজেলা নির্বাহী অফিসার ফুলতলা জানান যে, আপীল জুট মিলের গেট থেকে খেয়াঘাট পর্যন্ত রাস্তা এত খারাপ হয়ে আছে যে, কেবল যানবাহন নয় লোক চলাচল বন্ধ হবার উপক্রম হয়েছে। রাস্তাটি আশু সংস্কার করা প্রয়োজন। ঙ) নির্বাহী প্রকৌশলী জানান পাইকগাছা উপজেলায় নির্মিত মাননীয় প্রধানমন্ত্রীর অগ্রাধিকার প্রকল্পের আওতায় নির্মানাধীন বয়ালিয়া ব্রীজের সংযোগ সড়কের দু'পাশে এমনভাবে ইট ভাটার অনুমোদন দেয়া হয়েছে যে, নির্মানে স্থান নির্ধারণ জটিলতা নিরসন করা না হলে প্রকল্প কাজ সম্পন্ন করা সম্ভব হচ্ছে না মর্মে সভা অবহিত হয়।	ক) নির্মাণাধীন উন্নয়ন কাজ ত্বরান্বিত করতে হবে এবং নিয়মিত মনিটরিং করতে হবে। খ) আপীল জুট মিলের গেট থেকে খেয়াঘাট পর্যন্ত রাস্তাটি সংস্কারের জন্য প্রকল্প গ্রহণ করতে হবে। গ) মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুত খুলনা জেলার ''আঠারমাইল হতে কয়রা উপজেলার দক্ষিণ বেদকাশি পর্যন্ত রাস্তাটি এশিয়ান হাইওয়ের সাথে যুক্তকরণ' প্রকল্প এলজিইডি কর্তৃক মনিটরিং এর মাধ্যমে সম্পন্ন করতে হবে। ঘ) মাননীয় প্রধানমন্ত্রীর অগ্রাধিকার প্রকল্পের আওতায় নির্মানাধীন বয়ালিয়া ব্রীজের সংযোগ সড়কের স্থান নির্ধারণ জটিলতা নিরসন করতে হবে।	নির্বাহী প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, খুলনা।
১২।	পানি উন্নয়ন বোর্ড	ক) নির্বাহী প্রকৌশলী, পানি উন্নয়ন বোর্ড (বিশ্ব ব্যাংক প্রতিনিধি) বলেন যে, নদী ভাঙ্গনের ফলে পোল্ডারের অভ্যন্তরে যাতে প্লাবিত না হয় সে জন্য ক্ষতিগ্রস্থ বাঁধের স্থানে বিকল্প বাঁধ নির্মানের পদক্ষেপ গ্রহণ করা হয়েছে। বটিয়াঘাটা-ডুমুরিয়া উপজেলার ২৯ নম্বর পোল্ডারের বুড়িভদ্রা-সালতা নদীর মোহনায় চাঁদগড় বাঁধের ভাঙ্গন রোধে টেন্ডার কার্যক্রম সম্পন্ন হয়েছে। খ) দাকোপ উপজেলার ৩২ এবং ৩৩ নম্বর পোল্ডারের রামনগর এলাকায় বিশ্বব্যাংকের সহায়তায় ৩ কোটি টাকা ব্যয়ে নির্মিত হচ্ছে স্কুল কাম সাইক্লোন সেল্টার নির্মাণ কাজ প্রায় সমাপ্তি	ক) মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুত প্রকল্পের কাজ ত্বরান্বিত করতে হবে। খ) খুলনা জেলার বিভিন্ন উপজেলার নদীভাঙ্গন রোধে দ্রুত পদক্ষেপ গ্রহণ করতে হবে। গ) বিশ্ব ব্যাংক প্রতিনিধি'র মাধ্যমে গৃহীত প্রকল্পের মনিটরিং জোরদার করতে হবে।	নির্বাহী প্রকৌশলী, পানি উন্নয়ন বোর্ড-১, খুলনা

		পর্যায়ে আছে । সেল্টারটি নদী ভাঙ্গন ঝুঁকিতে রয়েছে। যে কোন সময়ে নদী গর্ভে বিলীন হওয়ার সম্ভাবনা রয়েছে । বিশ্বব্যাংকের টেন্ডার সম্পন্ন হয়েছে। কাজ পেয়েছে চাইনিজ কোম্পানী। ফেব্রুয়ারী/২০১৬ মাসে প্রকল্পকাজ আরম্ভ করা যাবে মর্মে আশা করা যায়। গ) উপজেলা পরিষদ চেয়ারম্যান, কয়রা জানান যে, উপজেলার দক্ষিণ বেদকাশি এলাকার নদী ভাঙ্গন রোধে সরকারী কোন পদক্ষেপ না থাকায় স্থানীয়ভাবে উপজেলা পরিষদ নিজস্ব অর্থায়নে২ কিঃ মিঃ শহর রক্ষা বাঁধ নির্মাণ করা হয়েছে মর্মে উপজেলা পরিষদ চেয়ারম্যান সভায় উপস্থাপন করেন এবং সভাপতির মাধ্যমে সরকারী হস্তক্ষেপ কামনা করেন।		
১৩।	শিক্ষা প্রকৌশল অধিদপ্তর	নির্বাহী প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর সভাকে অবহিত করেন যে খুলনা জেলায় চলমান ৮ টি প্রকল্পের আওতায় ১১০ টি স্কিম গ্রহণ করা হয়েছিল । গৃহীত স্কিমের মধ্যে ৬৭ টি সম্পন্ন হয়েছে, ৪২ টি চলমান আছে এবং ০১ টি স্কিল শুরুর অপেক্ষায় আছে। গুণগত মান মনিটরিং অব্যাহত আছে।	চলমান প্রকল্প কাজের গুণগত মান অক্ষুন্ন রাখার লক্ষ্যে মনিটরিং জোরদার করতে হবে।	নির্বাহী প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, খুলনা
১৪।	জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর	ক) নির্বাহী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর সভাকে জানান যে, চলতি অর্থ বছরে খুলনা জেলার ১২০ টি ওয়াশ ব্লক নির্মান ও ৭১ টি গভীর নলকূপ স্থাপন কাজের বরাদ্দ পাওয়া গেছে। নলকূপ স্থাপন কাজের দরপত্র আহবান করা হয়েছে। তাছাড়া রূপসা উপজেলায় ৩০ টি গভীর নলকূপ এবং দাকোপ, পাইকগাছা এবং কয়রা উপজেলায় ৩১০ টি রেইন ওয়াটার হারভেস্টিংসহ রূপসা, দাকোপ, পাইকগাছা ও কয়রা উপজেলায় ১,৩০০ সেট ল্যাট্রিন-এর বরাদ্দ পাওয়া গেছে। দরপত্র আহবানের কাজ চলমান আছে। খ) মিস্টি পানি সংরক্ষণ প্রকল্পের আওতায় ৩৮ টি পুকুরের তালিকা করা হয়েছে। তার মধ্যে জেলা পরিষদ এবং জেলা প্রশাসনের নিয়ন্ত্রণাধীন সরকারী খাস খতিয়ানভূক্ত পুকুর আছে। পুকুরগুলো পুনরায় লীজ প্রদান না করার জন্য জেলা প্রশাসক, খুলনা এবং প্রশাসক, জেলা পরিষদ, খুলনা মহোদয় বরাবর সভার মাধ্যমে অনুরোধ জানানো হয়।	প্রশাসক, জেলা পরিষদ, খুলনা এবং জেলা প্রশাসক, খুলনা মহোদয়ের নিয়ন্ত্রণাধীন মিষ্টি পানি প্রকল্পের আওতাভূক্ত পুকুরসমূহ লীজ প্রদান বা নবায়ন করা যাবে না।	ক) প্রধান নির্বাহি কর্মকর্তা, জেলা পরিষদ, খুলনা। খ) অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), খুলনা। গ) নির্বাহী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, খুলনা।
১৫।	সুন্দরবন পশ্চিম বন বিভাগ	কোন প্রতিনিধি উপস্থিত না থাকায় আলোচনা করা সম্ভব হয়নি।	সভায় নিয়মিত উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।	বিভাগীয় বন কর্মকর্তা, খুলনা
১৬।	কৃষি সম্প্রসারণ অধিদপ্তর	উপ-পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খুলনা জানান যে, ১৬ অক্টোবর/১৫ থেকে ১৫ মার্চ/১৬ পর্যন্ত রবি মৌসুম জেলায় বোরো বীজতলা-২৮৪০ হেক্টর, বোরো আবাদ-৫০৬২৭ হেক্টর এবং শাক-সবজির জন্য-৫৮৫৫, মশলা জাতীয় ফসল-৪২২, ডাল জাতীয় ফসল-৩৩৪, আলূ-৪৫১, সরিষা-৩৮০ এবং আঁখ চাষের জন্য-	রবি মৌসুমে বিভিন্ন ফসল উৎপাদন কার্যক্রম মনিটরিং জোরদার করতে হবে।	উপ-পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খুলনা

		১৭৪ হেক্টর জমি নির্ধারণ করা হয়েছে। খরিপ-২ মৌসুমে রোপা আমন আবাদ ৯২৪৪২ এবং শাক-সবজী ৩০০০ হেক্টর জমি নির্ধারণকরা হয়েছে। তাছাড়া খুলনা জেলায় বর্তমানে সারের মজুদ সন্তোষজনক উল্লেখ করে তিনি বলেন, ১৪৫০ মে: টন ইউরিয়া, ৪৫৯ মে: টন টিএসপি, ৩৫৬ মে: টন এমওপি, ৩২৪ মে: টন ডিএপি সার মজুদ রয়েছে ফলে আশু সার সংকটের সম্ভবনা নেই।		
১৭।	মৎস্য অধিদপ্তর	ক) জেলা মৎস্য কর্ম কর্তা সভাকে অবহিত করেন যে, খুলনা জেলায় ডিপোর সংখ্যা-৩৯৭টি, বরফকলের সংখ্যা-২৩ টি যার সবগুলো লাইসেন্সভুক্ত করা হয়েছে। মৎস্য পরিদর্শন ও মাননিয়ন্ত্রণ আইনে-২০ টি মোবাইল কোর্ট, ৬ টি বিশেষ অভিযান পরিচালনা করা হয়েছে। কোন সমস্যা নেই।	মোবাইল কোর্ট এবং বিশেষ অভিযান অব্যাহত রাখতে হবে।	ক) অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, খুলনা। খ) জেলা মৎস্য কর্ম কর্তা, খুলনা।
১৮।	প্রাণিসম্পদ অধিদপ্তর	জেলা প্রাণিসম্পদ কর্ম কর্তা বলেন যে, চলতি মাসে ১৫,৮২৬ টি গবাদি পশু ও ৪,৪৫,৪০০ টি হাঁস মুরগি রোগ প্রতিষেধক টিকা প্রয়োগ করা হয়েছে। বেসরকারী পর্যায়ে১০২ টি হাঁস মুরগীর খামার এবং ৬৬ টি গবাদি পশুর খামার স্থাপন করা হয়েছে। চলতি মাসে রাজস্ব আয় হয়েছে ১,৬৭,৩৮৯/ টাকা। বিতরণকৃত ক্ষুদ্র ঋণ থেকে আদায় হয়েছে ৪২,৭৭৯/- টাকা।	প্রাণী সম্পদ অধিদপ্তর কর্তৃক গৃহীত প্রকল্পসমূহের মনিটরিং জোরদার করতে হবে।	জেলা প্রাণিসম্পদ কর্ম কর্তা, খুলনা।
১৯।	বিভাগীয় পরিসংখ্যান অফিস	উপ-পরিচালক, জেলা পরিসংখ্যান অফিস, খুলনা সভাকে জানান যে, শ্রম শক্তি সম্পর্কিত তথ্য সংগ্রহের ৪র্থ কোয়ার্টারের কাজ চলমান আছে। ভোক্তা মূল্য সূচক প্রশিক্ষণের আওতায় ২৯ জন কর্ম কর্তা/কর্ম চারীকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। ডিজিটাল তথ্য নির্ভর পরিসংখ্যান তৈরীতে কর্ম চারীদের কম্পিউটার ও ইন্টারনেট ব্যবহার বিষয়ক প্রশিক্ষণ প্রদান করা হচ্ছে।	প্রশিক্ষণ কার্যক্রমটি গুরুত্বের সাথে মনিটরিং করতে হবে।	উপ- পরিচালক, জেলা পরিসংখ্যান অফিস, খুলনা
২০।	বিসিক	ক) উপ- মহাব্যবস্থাপক, শিল্প সহায়ক কেন্দ্র, বিসিক, খুলনা সভাকে জানান যে, খুলনা অঞ্চলে ১৫টি লবণ কারখানার মধ্যে ৯টি চালু আছে। লবণের নমুনা পরীক্ষা করা হয়েছে। প্রাপ্ত রিপোর্টে সন্তোষজনক মাত্রার আয়োডিন আছে। খ) ৪৪.১০ একর জমির মধ্যে ৩৭.০৫ একর জমিতে বিসিক শিল্পনগরী, শিরোমনিতে ৯২ টি শিল্প প্রতিষ্ঠান আছে। তন্মধ্যে ৬১টি শিল্প ইউনিট চালু, ৬ টি বাস্তবায়নাধীন, ২৪ টি বন্ধ/রুগ্ন এবং ১ টি অনির্মিত আধুনিক প্রযুক্তি প্রয়োগের মাধ্যমে মৌচাষে মৌয়ালদের দক্ষতা বৃদ্ধির জন্য ৩০ জনকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। ৫জন উদ্যোক্তার মধ্যে ১.২৫ লক্ষ টাকা ঋণ বিতরণ করা হয়েছে। গ) খুলনা রেল স্টেশন প্রকল্পের কাজ চলমান আছে। এ কারণে ইতোমধ্যে অনেক স্থাপনা উচ্ছেদ করা হয়েছে। কি ইশারায় দোকানগুলো	ক) প্রকল্প কাজের মনিটর জোরদার করতে হবে। খ) প্রদত্ত ঋণ আদায়ে সচেষ্ট থাকতে হবে। গ) খুলনা রেল স্টেশন এবং বিসিকের সীমানা নির্ধারণ করে প্রাচীর নির্মাণ করতে হবে।	উপ- মহাব্যবস্থাপক, শিল্প সহায়ক কেন্দ্র, বিসিক, খুলনা

		উচ্ছেদ না করে রেলওয়ের স্ট্যাফদের আবাস স্থল উচ্ছেদ করা হয়েছে তা বোধগম্য নয়। বিসিকের জায়গা ব্যবহারের বিষয়ে সভাপতি জানান যে, প্রয়োজনে বিসিকের সীমানা নির্ধারণকরে প্রাচীর নির্মাণকরার বিষয়ে আলোচনা করা হয়।		
২১।	জেলা শিক্ষা অফিস	জেলা শিক্ষা অফিসারের প্রতিনিধি সভাকে জানান যে, নির্ধারিতসময়ে ছাত্র/ছাত্রীদের হাতে পাঠ্য বই তুলে হয়েছে। উপজেলা পর্যায়ে বিভিন্ন স্কুলে ছাত্র/ছাত্রীদের সংখ্যা অনুপাতে শিক্ষক পদায়ন সমন্বয় করার জন্য উপজেলা পরিষদ চেয়ারম্যানদেরকে সচেতন থাকার উপর আলোকপাত করা হয়।	ক) উপজেলা পর্যায়েঃ স্কুলে ছাত্র/ছাত্রীদের সংখ্যা অনুপাতে শিক্ষক সমন্বয় করতে উপজেলা পরিষদ চেয়ারম্যানদেরকে দায়িত্ব নিতে হবে।	ক) উপজেলা পরিষদ চেয়ারম্যান (সকল), খুলনা। খ) জেলা শিক্ষা অফিসার, খুলনা
২২।	সামাজিক বন বিভাগ	বিভাগীয় বন কর্মকর্তা, সামাজিক বন বিভাগ, বাগেরহাট জানান যে, ২০১৫-১৬ অর্থ বছরে বাগান সৃজনের জন্য ইতোমধ্যে ৪০,০০০ টি বিবিধ প্রজাতির বনজ, ফলজ ও ভেষজ চারা উত্তোলনের কাজ চলছে। সৃজিত বাগানের রক্ষণাবেক্ষণ কাজ অব্যাহত আছে। বৃক্ষরোপনে প্রধানমন্ত্রীর জাতীয় পুরস্কার ২০১৫ ও Bangabandhu Award for Wildlife Conservation-2016-সম্পন্নের কাজ চলমান আছে।	বৃক্ষরোপনে প্রধানমন্ত্রীর জাতীয় পুরস্কার ২০১৫ ও Bangabandhu Award for Wildlife Conservation-2016-এর বিষয়টি নিস্পত্তি করতে হবে।	বিভাগীয় বন কর্মকর্তা, সামাজিক বন বিভাগ, খুলনা।
২৩।	জেলা প্রাথমিক শিক্ষা অফিস	জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, খুলনা প্রতিনিধি জানান যে, খুলনা জেলায় মোট ৩৫৩ জন নতুন শিক্ষক নিয়োগ প্রদান করা হয়েছে। শিক্ষক স্বল্পতা জনিত সমস্যাটি নিরসন করা সম্ভব হবে। তাছাড়া প্রাথমিক শিক্ষা সমাপনী এবং ইবতেদায়ী শিক্ষা সমাপনী পরীক্ষার ফল প্রকাশিত হয়েছে। পাশের হার স্কুলে ৯৯.২০% এবং মাদ্রাসায়-৯১.৭০% । শিক্ষকদের সাবক্লাষ্টার প্রশিক্ষণ চলছে এবং প্রাথমিক বিদ্যালয় পরিদর্শনকার্য ক্রমনিয়মিত চলছে।	উত্তর মূল্যায়ন কার্যক্রম গুরুত্বের সাথে মনিটরিং করতে হবে।	জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, খুলনা।
২৪।	বাংলাদেশ বেতার	আঞ্চলিক পরিচালক, বাংলাদেশ বেতার খুলনার প্রতিনিধি জানান যে, বেতার কেন্দ্রের ভিতরে ১০.০০ কোটি টাকা ব্যয়ে নির্মানাধীন জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্মৃতি ভাস্কর্য সম্প্রসারণ শীর্ষক প্রকল্পের কাজ চলমান আছে। ইতোমধ্যে আর্থিক৪০% এবং ভৌত গড় ৯৬.৫% কাজের অগ্রগতি হয়েছে।	''জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্মৃতি ভাস্কর্য সম্প্রসারণ'' শীর্ষক প্রকল্পের কাজ সমন্বয় করতে হবে।	আঞ্চলিক পরিচালক, বাংলাদেশ বেতার, খুলনা।
২৫।	বিএসটিআই	পরিচালক, বিএসটিআই, খুলনা জানান যে, খুলনা মহানগরীর বিভিন্ন দোকান হতে নমুনা সংগ্রহ করে পরীক্ষা করা হয়েছে ফরমালিনের উপস্থিতি পাওয়া যায়নি। চলতি মাসে ০২ টি ভ্রাম্যমান আদালত পরিচালনা করা এবং ০৩ টি বিশেষ অভিযান পরিচালনা করা হয়েছে। মামলা সংখ্যা ০২ টি। জরিমানা আদায় হয়েছে ২২,০০০/-টাকা।	বিএসটিআই অধ্যাদেশ মোতাবেক নিয়মিত মোবাইল কোর্ট ও বিশেষ অভিযান পরিচালনা অব্যাহত রাখতে হবে।	পরিচালক, বিএসটিআই, খুলনা
২৬।	পাট অধিদপ্তর	কোন প্রতিনিধি উপস্থিত না থাকায় আলোচনা করা সম্ভব হয়নি।	সভায় উপস্থিতি নিশ্চিত করতে হবে।	পরিচালক, পাট অধিদপ্তর, খুলনা
২৭।	যুব উন্নয়ন	উপ-পরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর সভাকে	যুব উন্নয়ন কর্তৃক	উপ-পরিচালক,

	অধিদপ্তর	অবহিত করেন যে, প্রশিক্ষণ খাতে চলতি মাসে ৭৬২ জন প্রশিক্ষণার্থী প্রশিক্ষণরত আছে। যুব ঋণ বিতরণ খাতে চলতি মাসে উপকারভোগীর সংখ্যা ১৫০৫ জন। চলতি মাসে ঋণ বিতরণ ১২৯০০০০/ টাকা এবং ঋণ আদায়ের হার ৯৭.৮৪% ।	পরিচালিত প্রশিক্ষণ সমূহ ডিজিটাল বাংলাদেশের উপযোগী করতে হবে।	যুব উন্নয়ন অধিদপ্তর, খুলনা।
২৮।	মহিলা বিষয়ক অধিদপ্তর	জেলা মহিলা বিষয়ক কর্ম কর্তা সভাকে অবহিত করেন যে, খুলনা জেলা কার্যালয়ে ৬টি ট্রেডে চলতি অর্থ বছরেমহিলা প্রশিক্ষণার্থীকে প্রশিক্ষণ প্রদান কর্ম সূচি অব্যাহত আছে। ক) অক্টোবর-ডিসেম্বর/১৫ মেয়াদে ৫০ জন মহিলা প্রশিক্ষণার্থীর প্রশিক্ষণ কার্যক্রম চলমান আছে। খ) ৯টি উপজেলায় ভিজিডি উপকারভোগীদের মধ্যে ৫৮৩.২৯০ মেঃ টন খাদ্যশস্য বিতরণ করা হয়েছে। গ) জেলা কার্যালয়ের শিশু দিবাযত্ন কেন্দ্রে ৬০ জন শিশু অবস্থান করেন। যা রাজস্ব খাতভূক্ত একটা চলমান প্রকল্প। ঘ) কর্মজীবী মহিলা হোস্টেলে ১৫০ জন বোর্ডার অবস্থান করছেন। ঙ) প্রতিবছরের ন্যায় চলতি বছরে জয়িতা অন্বেষণ কাজ সম্পন্ন হয়েছে। ১২ জানুয়ারি/১৬ তারিখে নির্বাচিত জয়িতাদের হাতে পুরস্কার তুলে দেয়া হবে।	মহিলা বিষয়ক কর্ম কর্ত, খুলনা কর্তৃক গৃহীত প্রকল্প সমূহ মনিটরিং জোরদার করতে হবে।	মহিলা বিষয়ক কর্ম কর্তা, খুলনা
২৯।	বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড	উপ-পরিচালক সভাকে অবহিত করেন যে, জেলা বিআরডিবির আওতাধীনে সমিতির সংখ্যা ২০৫৬ টি, সদস্য সংখ্যা ৬৯০৯১ জন । চলতি অর্থ বছরে শেয়ার সঞ্চয়ের পরিমাণ ৪২.৬০ লক্ষ টাকা । ২০১৫-২০১৬ অর্থ বছরে জেলায় বিতরণকৃত ঋণের পরিমাণ ৯৪৮.৭৬ লক্ষ টাকা এবং ঋণ আদায়ের পরিমাণ ৯৩৬.৯০ লক্ষ টাকা । ঋণ আদায়ের হার ৯৮%।	বিআরডিবির আওতাধীনে নিয়ন্ত্রীত সমিতির কার্যক্রম শতভাগ অনলাইনে নিস্পত্তি করতে হবে ।	উপ-পরিচালক, বিআরডিবি
৩০।	জেলা সমবায় অফিস	ক) জেলা সমবায় অফিসার, খুলনা জানান যে, খুলনা জেলায় বর্তমানে অডিটযোগ্য সমবায় সমিতির সংখ্যা ২,২৮২ কেন্দ্রীয় ২২ টি। সরকারী রাজস্ব বাবদ অডিট ফি আদায় হয়েছে- ২১,৯৩,০০০/- টাকা। আদায়ের শতকরা হার ৯৪%। সমবায় উন্নয়ন তহবিল খাতে আদায়ের পরিমাণ-১৫,২৯,১৭৩/-টাকা। আদায়ের শতকরা হার ৯৫%। খ) মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয় হতে পরিচালিত আশ্রয়ন প্রকল্পের সংখ্যা-০২ টি ও আশ্রয়ন প্রকল্পের (ফেইজ-২) এর সংখ্যা-২২ টি। পুনর্বাসিতসদস্যদের মধ্যে ৩০,৬৯,৫০০/-টাকা ঋণ বিতরণ করা হয়েছে। আদায়ের হার ৯৮%। পাইকগাছা ও ডুমুরিয়া উপজেলা দুইটি দুগ্ধ খামারে ২ কোটি ৫০ লক্ষ টাকা বিতরণের মাধ্যমে ৫০০ টি গাভী ক্রয় করা হয়েছে যার মাধ্যমে দৈনিক ১৮৬০ লিটার দুধ উৎপাদন হচ্ছে	ক) অডিটযোগ্য সমবায় সমিতির বাৎসরিক অডিট কার্যক্রম অব্যাহত রাখতে হবে। খ) সমবায়ের মাধ্যমে পরিচালিত প্রকল্পসমূহের কাজের মনিটরিং জোরদার করতে হবে।	জেলা সমবায় অফিসার, খুলনা

		মর্মে সভায় জানানো হয়।		
৩১।	কৃষি বিপণণ অধিদপ্তর	জেলা বাজার কর্ম কর্তা সভাকে জানান, বাজারে গোল আলু দাম বৃদ্ধি পেয়েছে। বর্তমান বাজারে ডাল ও রসুনের দাম বৃদ্ধি পেয়েছে । খাশির মাংশের দাম হঠাৎ করে ৫২০ থেকে ৬০০ টাকায় বিক্রি হচ্ছে । চুকনগর বাজারসহ জেলার বিভিন্ন বাজারে ২৫ কেজি ওজনের প্যাকেট দুধ বিক্রয় হচ্ছে। এ দুধের উৎস্য সন্ধান করা প্রয়োজন। তাছাড়া মেয়াদ উতীর্ণ প্রসাধনী ব্যবহার বন্ধে বিভিন্ন পার্লারে অভিযান পরিচালনার বিষয়টি সভায় আলোচনা করা হয়।	ক) প্যাকেট দুধের উৎস্য সন্ধানে এবং পার্লারে অভিযান পরিচালনা করতে হবে। খ) দ্রব্য মূল্য সহনশীল পর্যায়ে রাখতে পদক্ষেপ গ্রহণ করতে হবে।	ক) অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, খুলনা। খ) জেলা বাজার কর্ম কর্তা, খুলনা।
৩২।	সঞ্চয় অধিদপ্তর	জেলা সঞ্চয় অফিসার সভাকে অবহিত করেন যে, তাদের গৃহীত কার্যক্রম সফলভাবে চলমান রয়েছে। ২০১৫-২০১৬ অর্থ বছরে বিভিন্ন সঞ্চয় পত্র বিক্রয়ের জন্য ৭৮ কোটি টাকা নির্ধারণ করা হয়েছে। বিনিয়োগ অর্জিত হয়েছে ৫২.০৯ কোটি টাকা। লক্ষমাত্রার বিপরীতে বিনিয়োগ শতকরা হার ৬৬.৭৮% । উৎসে কর বাবদ সরকারী কোষাগারে জমার পরিমান-৫৭,২০,৯২৪ টাকা।	জেলা সঞ্চয় অফিস কর্তৃক চলমান প্রকল্পসমূহ বহুল প্রচারের ব্যবস্থা করতে হবে।	জেলা সঞ্চয় অফিসার, খুলনা।
৩৩।	জেলা কারাগার	জেল সুপার সভাকে অবহিত করেন যে, জেলখানার অধিগ্রহণকৃত জমির মাটি ভরাটের কাজ শুরু হয়েছে এবং ইতোমধ্যে ৩০% অগ্রগতি অর্জিত হয়েছে । বাউন্ডারী ওয়ালের কাজ ৯০% সম্পন্ন হয়েছে। বালু ভরাটের কাজ ৩৫% কাজ সম্পন্ন হয়েছে। ভবন নির্মাণের জন্য দরপত্র আহবানের কার্যক্রম ত্বরান্বিত করার বিষয়ে আলোচনা করা হয়।	জেলখানা নির্মাণ কাজের মনিটরিং জোরদার করতে হবে।	জেল সুপার, খুলনা।
৩৪।	জেলা তথ্য অফিস	বিভাগীয় জেলা তথ্য অফিসের চলমান কার্যক্রম অব্যাহত আছে। বিভিন্ন উপজেলায় মুক্তিযুদ্ধসহ স্বাস্থ্য, শিক্ষা, স্যানিটেশন, মাদক, বাল্যবিবাহ, সন্ত্রাস ও জঙ্গীবাদ, তথ্য অধিকার আইন, লিগ্যাল এইড, ডিজিটাল তথ্য সেবা, নারীর ক্ষমতায়ন সম্পর্কিত বিষয়ে প্রচার অব্যাহত আছে। কোন সমস্যা নেই ।	সরকারের উন্নয়নমূলক কাজের বিভিন্ন তথ্যাদি গুরুত্বেরসাথে প্রচারণা অব্যাহত রাখতে হবে।	জেলা তথ্য অফিসার, খুলনা
৩৫।	প্রত্নতত্ত্ব অধিদপ্তর, খুলনা	ক) আঞ্চলিক পরিচালক, প্রত্নতত্ত্ব বিভাগ, জানান যে, কয়রা উপজেলায় মসজিদ কুড় মসজিদের প্রত্নতাত্ত্বিক সংস্কার নিমিত্তে প্রাক্কলন অনুমোদন পাওয়া গেছে । ৪,০০,০০/ টাকার টেন্ডার কার্যক্রম ১০-১২-২০১৫ তারিখে উন্মুক্ত করা হয়েছে NOA প্রদানের বিষয়টি প্রক্রিয়াধীন আছে । খ) ২০১৫-১৬ অর্থ বছরে ৬,৯০,১৯২ টাকা ব্যয়ে খুলনা বিভাগীয় জাদুঘর, ডরমিটরী ভবনসহ ক্যাম্পাসের বাৎসরিক মেরামত কাজ এবং ৩৯৭৩৭৩২/ টাকা ব্যয়ে আরসিসি গ্রীল বাউন্ডারী নির্মাণ কাজের টেন্ডার কার্যক্রম সম্পন্ন হয়েছে NOA প্রদানের বিষয়টি প্রক্রিয়াধীন আছে	ক) প্রকল্প কাজের মনিটরিং জোরদার করতে হবে। খ) জেলা প্রত্নতাত্ত্বিক নিদর্শন সমূহ সংস্কার ও সংরক্ষণ নিশ্চিত করতে হবে।	আঞ্চলিক পরিচালক, প্রত্নতত্ত বিভাগ, খুলনা।
৩৬।	প্রতিবন্ধী বিষয়ক	প্রতিবন্ধী বিষয়ক কর্মকর্ত সভায় জানান যে, খুলনা জেলায় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশনের মাধ্যমে রেজিস্ট্রেশন ও তথ্য সংগ্রহের মাধ্যমে ৭৯ জন, ফিজিওথেরাপী ৫৭ জন, স্পীচ থেরাপী	ক) প্রতিবন্ধীদের সেবা ও সাহায্য কেন্দ্রের কার্যক্রম জোরদার করতে হবে । খ) উপজেলা	প্রতিবন্ধী বিষয়ক কর্ম কর্তা, খুলনা।

		০২ জন, হেয়ারিং এ্যাসেসমেন্ট-০৩ জন, ভিজুয়াল-০৭ জন, অন্যান্য-০৯ জন সেবা গ্রহীতাকে সেবা প্রদান করা হয়েছে। চলমান প্রকল্পসমূহে কোন সমস্যা নেই। দেশের প্রত্যন্ত অঞ্চলে চিকিৎসা সেবা পৌঁছে দেয়ার জন্য জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশন কর্তৃক ভ্রাম্যমান ফিজিওথেরাপী মেশিনসহ একটি কাভার্ড ভ্যান সরবরাহ পাওয়া গেছে। বিভিন্ন উপজেলায় ভ্রাম্যমান মেশিনের সাহায্যে থেরাপি ভ্যান ক্যাম্পেইন শুরু হয়েছে বর্তমানে ভ্যানটি ডুমুরিয়া উপজেলায় অবস্থান করছে।	ফিজিওথেরাপী ক্যাম্পিং-এর সূচি উপজেলা নির্বাহী অফিসার এবং উপজেলা পরিষদ চেয়ারম্যানগণ বরাবর প্রেরণ করতে হবে।	
৩৭।	গণগ্রন্থাগার, খুলনা।	খুলনা বিভাগীয় সরকারি গণগ্রন্থাগারটি বর্তমানে পুরাতন ও জরাজীর্ণ ভবনে পরিচালিত হচ্ছে। ভবনটি ১৯৬২ সালে নির্মাণ হয়েছে। লাইব্রেরী ভবনের সংস্কার ও আধুনিকায়নের জন্য গণপূর্ত বিভাগ একটি প্রাক্কলন তৈরী করেছে। যার ব্যয় ধরা হয়েছে ৮৪.৪৪ লক্ষ টাকা। প্রকল্প বাস্তবায়নে প্রয়োজনীয় অর্থ বরাদ্দের জন্য জেলা উন্নয়ন সমন্বয় সভার মাধ্যমে গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়নে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের সাথে যোগাযোগ রক্ষা করতে হবে। তাছাড়া গণগ্রন্থাগার চত্বরে অপরিকল্পিত স্থাপনা অপসারণ, মাঠের ঘাস এবং ড্রেন পরিস্কার করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা প্রয়োজনীয় সহায়তা করার জন্য সিটি কর্পোরেশনকে দায়িত্ব পালনের অনুরোধ জানান হয় ।	ক) লাইব্রেরী ভবনের সংস্কার প্রকল্প বাস্তবায়নে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের সাথে যোগাযোগ রক্ষা করতে হবে। খ) গণগ্রন্থাগার চত্বরের স্থাপনা, ঘাস এবং ড্রেন পরিস্কার করতে হবে।	উপ পরিচালক, বিভাগীয় গণগ্রন্থাগার, খুলনা।
৩৮।	কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, খুলনা	ক) উপ-মহাপরিদর্শক, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, খুলনা জানান যে, বাংলাদেশ শ্রম আইন ২০০৬ এর বিধিমালা বাংলাদেশ শ্রম বিধিমালা ২০১৫ বাস্তবায়নে সকলের সহযোগিতা কামনা করেন। খ) শ্রম আইন বাস্তবায়নের অংশ হিসেবে ঠিকাদারি সংস্থার অবশ্যই রেজিস্ট্রেশন করতে হবে। শ্রমিকদের ছুটি নিশ্চিত করতে একটি প্রাক্কলন তৈরী করে মন্ত্রণালয় প্রেরণ করা হয়েছে মর্মে সভায় আলোচনাসহ সকলের সহযোগিতা চাওয়া হয়।	বাংলাদেশ শ্রম আইন ২০০৬ বাস্তবায়ন করতে হবে।	উপ-মহাপরিদর্শক, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, খুলনা
৩৯।	নগর উন্নয়ন অধিদপ্তর, খুলনা।	সিনিয়র প্ল্যানার, নগর উন্নয়ন প্ল্যানার জানান যে, কোন প্রত্যাশী সংস্থার চাহিদা না থাকায় কোন পরিদর্শনপ্রতিবেদন প্রদান করা হয়নি।	সরকারী/বেসরকারী প্রতিষ্ঠানের ভূমি অধিগ্রহণের বিষয়টি মনিটরিং করতে হবে।	সিনিয়র প্ল্যানার, খুলনা।
৪০।	বাংলাদেশ রেলওয়ে	কোন প্রতিনিধি না থাকায় আলোচনা সম্ভব হলো না।	সভায় উপস্থিতি নিশ্চিত করতে হবে।	স্টেশন মাষ্টার, বাংলাদেশ রেলওয়ে, খুলনা।
৪১।	খাদ্য বিভাগ	জেলা খাদ্য নিয়ন্ত্রক, খুলনা'র প্রতিনিধি জানান যে, খুলনা জেলার ০২ টি সিএসডি এবং ৮ টি এলএসডি গোডাউনে মোট ৬৮৬২৫.০০০ মেঃ টন চাল এবং ৫৫৭২৩.০০০ মেঃ টন গম, ৫৯.০০০ মেঃ টন ধান এবং ৪,৫৫,৮৫৪ খানা নতুন খালি বস্তা মজুদ আছে। মজুদ সন্তোষজনক মর্মে মত প্রকাশ করা হয়। ৬৯ জন ওএমএস	সরকার নির্ধারিত আমন সংগ্রহের লক্ষমাত্রা অর্জনে জোর পদক্ষেপ গ্রহণ করতে হবে।	জেলা খাদ্য নিয়ন্ত্রক, খুলনা।

		ডিলার আছে । বর্তমানে আটা বিক্রয় কার্যক্রম অব্যাহত আছে। চলতি অর্থ বছরে ওএমএস খাতে ১২৮০.০০০ মেঃ টন আটা বিক্রয় করা হয়েছে। মূল্য স্থিতিশীল পর্যায়ে আছে।		
৪২।	ইসলামিক ফাউন্ডেশন	উপ-পরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, খুলনা জানান যে, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের সিদ্ধান্ত মোতাবেক প্রতি জেলা এবং উপজেলায় একটি মডেল মসজিদ কমপ্লেক্স স্থাপনের জন্য উপজেলা নির্বাহী অফিসার, ফুলতলা, খুলনা'র প্রস্তাবনা অনুযায়ী উপজেলা পরিষদে নির্মিত পুরাতন মসজিদের নামে প্রস্তাবনা প্রেরণ করার বিষয়ে সভায় আলোচনা করা হয়।	উপজেলায় সদরের পুরাতন মসজিদ সংলগ্ন বা মসজিদের নামে প্রস্তাব প্রেরণ করা যাবে।	উপ-পরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, খুলনা
৪৩।	পল্লী দারিদ্র বিমোচন ফাউন্ডেশন	ফাউন্ডেশনের উপস্থিত প্রতিনিধি জানান যে, তাদের কাজের কোন সমস্যা নেই । ফাউন্ডেশনে বর্তমানে ২৫ টি কম্পিউটার আছে । নিজস্ব ভাবে প্রশিক্ষণ কার্যক্রম পরিচালিত হচ্ছে। তবে জানুয়ারী/১৬ মাস হতে ৩,৭ ও ১০ দিনের জন্য যদি কোন দপ্তর ল্যাব ব্যবহার করে প্রশিক্ষণ গ্রহণে আগ্রহী হন তবে তাদের নিজস্ব খরচে প্রশিক্ষণ গ্রহণ করতে পারবেন।	প্রশিক্ষণে ল্যাব ব্যবহারের খরচ নির্ধারণ করতে হবে।	ব্যবস্থাপনা পরিচালক, পল্লী দারিদ্র বিমোচন ফাউন্ডেশন
৪৪।	আইসিটি ও ইনোভেশন	মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশিত ডিজিটাল বাংলাদেশ গঠনের লক্ষ্যে জেলা ওয়েব পোর্টাল কে কার্যকর করাসহ জেলা, উপজেলা ও ইউনিয়নের ওয়েবসাইট সমূহ নিয়মিত হালনাগাদ করার প্রয়োজনীয়তার উপর গুরুত্ব আরোপ করা হয়। জেলা প্রশাসনসহ বিভিন্ন দপ্তরের দাপ্তরিক কার্যক্রম অনলাইনে সম্পন্ন করতে গুরুত্বারোপ করা হয়েছে । সেবা উন্নয়নে ইনোভেশন প্রকল্প গ্রহণ ও বাস্তবায়নের বিষয়টি নিশ্চিত করতে সকল দপ্তর প্রধানকে দায়িত্ব প্রদান করা হলো।	ক) জেলা ওয়েব পোর্টাল, উপজেলা ও ইউনিয়নের ওয়েবসাইট সমূহ নিয়মিত হালনাগাদ করতে হবে। খ) প্রতিদিন ওয়েব পোর্টাল খুলে দেখতে হবে। গ) ইনোভেশন কার্যক্রম জোরদার করতে হবে।	জেলার সকল দপ্তর

অতঃপর পারস্পারিক সহযোগিতার মাধ্যমে সরকারের গৃহীত নীতি ও পরিকল্পনা বাস্তবায়নের আহবান জানিয়ে এবং সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/

(মোঃ মোস্তফা কামাল)
জেলা প্রশাসক
ও
সভাপতি
জেলা উন্নয়ন সমন্বয় কমিটি, খুলনা।
ফোন ০৪১-৭২১১১১ (অফিস)
০৪১-৭২১১২২ (বাসা)
ইমেইল :
dckhulna@mopa.gov.bd

স্মারক সংখ্যাঃ ৪৬.৪৪.৪৭০০.০২৪.০৪.০০১.১৪- ৪০ (১২৫) তারিখঃ ২৪ জানুয়ারি, ২০১৬ খ্রিঃ।

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):-

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্য ালয় পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা।
৩। সিনিয়র সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। সিনিয়র সচিব, প্রধানমন্ত্রীর কার্য ালয় তেজগাঁও, ঢাকা।
৫। সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয় বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৮। সচিব, পাট ও বস্ত্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৯। সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১০। সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১১। সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১২। সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৩। সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৪। সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৫। সচিব, শ্রম ও কর্ম সংস্থান মন্ত্রণালয় বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৬। সচিব, সড়ক বিভাগ, যোগাযোগ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৭। সচিব, শিল্প মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৮। সচিব, বিদ্যুৎ বিভাগ, বিদ্যুৎ জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৯। সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২০। সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২১ সচিব, মৎস্য ও প্রানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২২। সচিব, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২৩। সচিব, পরিবেশ ও বন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২৪। সচিব, ডাক ও টেলিযোগাযোগ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২৫। সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২৬। সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২৭। সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্ম সংস্থান মন্ত্রণালয় বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২৮। সচিব, তথ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২৯। সচিব, নৌ-পরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩০। সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩১। সচিব, বাস্তবায়ন, পরিবীক্ষণ ও মূল্যান বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩২। সচিব, পরিকল্পনা বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩৩। বিভাগীয় কমিশনার, খুলনা বিভাগ, খুলনা।
৩৪। মহাপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, আগাঁরগাও, ঢাকা।
৩৫। জনাব ----------

স্বাক্ষরিত/

(মোঃ জাহঙ্গীর হোসেন)
সদস্য সচিব
জেলা উন্নয়ন সমন্বয় কমিটি
ও
অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বি ক),
খুলনা।